

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪১

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ পুরুষ ব্যক্তির জন্য এটা বৈধ রয়েছে যে, তিনি নারীদের নিয়ে তারাবীহ সালাত জামা আতে আদায় করবেন ذكْرُ إِبَاحَةِ إِمَامَةِ الرَّجُل النِّسْوَةَ فِي شَهْر رمضان جماعة

## আরবী

2541 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادِ قَالَ: حَدَّثَنَا عَبِدُ الْأَعْلَى بْنُ حَمَّادِ قَالَ: جَاءَ أُبِيُّ بْنُ يَعْقُوبُ الْقُمِّيُّ قَالَ: جَاءَ أُبيُّ بْنُ جَارِيَةَ حَدَّثَنَا جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ: جَاءَ أُبيُّ بْنُ كَعْبٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ كَانَ مِنِّي اللَّيْلَةَ شَيْءً \_ كَعْبٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ كَانَ مِنِي اللَّيْلَةَ شَيْءً \_ كَعْبِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ كَانَ مِنِي اللَّيْلَةَ شَيْءً \_ يَعْنِي فِي رَمَضَانَ \_ قَالَ: وَمَا ذَاكَ يَا أُبِيُّ؟ قَالَ: نسوةٌ فِي دَارِي قُلْنَ: إِنَّا لَا نَقْرَأُ الْقُرْآنَ يَعْنِي فِي رَمَضَانَ \_ قَالَ: فَمَا ذَاكَ يَا أُبيُّ؟ قَالَ: نسوةٌ فِي دَارِي قُلْنَ: إِنَّا لَا نَقْرَأُ الْقُرْآنَ فَيْلُ الْمُثَلِّي بِصَلَاتِكَ قَالَ فَصَلَيْتُ بِهِنَّ ثَمَانِيَ رَكَعَاتٍ ثُمَّ أَوْتَرْتُ قَالَ: فَكَانَ شِبْهَ الرِّضَا وَلَمْ فَيُلُ شَيئاً.

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2541 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((صلاة التراويح)) (79 ـ 80).

## বাংলা

২৫৪১. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার উবাই বিন কা'ব রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, রমযানের আজকের রাতে আমার একটা ঘটনা ঘটে গেছে!" তিনি জিজ্ঞেস করেন, "হে উবাই, সেটা কী?" জবাবে তিনি বলেন, "আমার বাড়ির মহিলারা আমাকে বলেছে, "আমরা তো কুরআন পাঠে পারদর্শী নই, কাজেই আমরা আপনার সাথে সালাত আদায় করতে চাই।"

তিনি বলেন, "তারপর আমি তাদের নিয়ে আট রাকা'আত সালাত আদায় করি তারপর বিতর সালাত আদায় করি।"

জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, "তাঁর অবস্থা সম্ভুষ্টির মতোই ছিল, এবং তিনি তাকে কোন কিছুই



বললেন না।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ১৮০১; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ২/৭৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (সালাতুত তারাবীহ: ৭৯-৮০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন